দৈনিক ইত্তেফাক

তারিখ 21 SEP 1993
পৃষ্ঠা ৪২ কলাম ২

### উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

## বিভিন্ন কোর্সের চাহিদা নিরুপণে দেশব্যাপী জরিপ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় বিভিন্ন কোর্সের চাহিদা নির্ণয়নের জন্য দেশব্যাপী এক জরিপ কাজ শুরু করেছে। "শিক্ষা চাহিদা জরিপ" শীর্ষক এই জাতীয় সমীক্ষা দেশে এই প্রথম। ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগে এই জরিপ চালানোর জন্য কয়েকটি সমীক্ষা ফার্ম নিয়োগ করা হয়েছে। এ উদ্দেশ্যে প্রয়োজনীয় প্রশ্নমালা তৈরী করা হয়েছে। ইতোমধ্যে ফার্মগুলো তাদের সমীক্ষাকারীদের প্রশিক্ষণ দিচ্ছে এবং দু-এক দিনের মধ্যে এই প্রশিক্ষণের কাজ শেষ হলে তারা মাঠ পর্যায়ে জরিপের কাজ শুরু করবেন।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ইতিমধ্যে শিক্ষা প্রদানের জন্য যে বিষয়সমূহ তালিকাভুক্ত করেছে, সেগুলোসহ আরও নতুন কি কি বিষয়ে কতটা চাহিদা আছে—তা যাচাই করাই এই জরিপের লক্ষ্য। জরিপের কাজ ৩ মাসের মধ্যে শেষ হবে। প্রেস বিজ্ঞপ্তি।